



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা



স্মারক নং ৩৭.০২.০০০০.১০৫.৩১.৩১.২০২০/২৭/৩

তারিখ : ০৬/০১/২০২২ খ্রি.

বিষয় : ঢাকা জেলার নওয়াব হাবিবুল্লাহ মডেল স্কুল এন্ড কলেজের জনাব মো: শাহিনুর মিয়া এর অধ্যক্ষের স্কেল প্রদান।

সূত্র : (১) স্মারক নং নহামক/এমপিও/উ: স্কে:প্রা:/০৪৯/২০২১ তারিখ : ২৫/০৫/২০২১ খ্রি  
(২) নভেম্বর/২০২১ মাসের এম.পি.ও চূড়ান্ত কমিটির সভার সিদ্ধান্ত

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নওয়াব হাবিবুল্লাহ আদর্শ বিদ্যালয়টি মাধ্যমিক বিদ্যালয় হিসেবে এম.পি.ও ভুক্ত ছিল। জনাব মো: শাহিনুর মিয়া গত ০১/০৮/২০০৪ খ্রি. সালে প্রধান শিক্ষক হিসেবে যোগদান করেন(ইনডেক্স : ২৭৫৩৪১)। বর্তমানে এম.পি.ও বেতনকোড-০৭। প্রতিষ্ঠানটিতে ২০০৮-২০০৯ শিক্ষাবর্ষে একাদশ ও দ্বাদশ শ্রেণি খোলা হয়। মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড কর্তৃক গত ২৩/০৭/২০০৯ খ্রি. তারিখে পাঠদানের অনুমতি এবং ২৯/০৩/২০১৬ খ্রি. সালে ১ম স্বীকৃতি লাভ করে। শিক্ষা মন্ত্রণালয়ের গত ১৯/০৪/২০২০ খ্রি. তারিখে নওয়াব হাবিবুল্লাহ মডেল স্কুল এন্ড কলেজটির উচ্চমাধ্যমিক স্তর এম.পি.ওভুক্ত করা হয়।

জনবল কাঠামো-২০২১ এর ১১.২৪ ধারায় বলা আছে, মাধ্যমিক বিদ্যালয়ের উচ্চ মাধ্যমিক স্তর এম.পি.ওভুক্ত হলেও ঐ বিদ্যালয়ে কর্মরত প্রধান শিক্ষকের উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের অধ্যক্ষ পদের কাম্য শিক্ষাগত যোগ্যতা থাকলে এবং ৭ম গ্রেডে ০৫(পাঁচ) বছর সন্তোষজনক চাকরি পূর্ণ হলে তাঁর পদটি ঐ বিদ্যালয়ের অধ্যক্ষ পদে উন্নীত হবে। তিনি জনবল কাঠামো-২০২১ এর ১১.২৪ ধারা মোতাবেক অধ্যক্ষের স্কেল দাবি করে আবেদন করেন। এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য নভেম্বর/২০২১ মাসের এম.পি.ও কমিটিতে উপস্থাপন করা হয়।

কমিটির সিদ্ধান্ত : ঢাকা জেলার নওয়াব হাবিবুল্লাহ মডেল স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ জনাব মো: শাহিনুর মিয়া জনবল কাঠামো ও এম.পি.ও নীতিমালা-২০২১ এর ১১.২৩ ধারা মোতাবেক অধ্যক্ষের স্কেল প্রাপ্তির বিষয়টি পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা কর্তৃক তদন্তপূর্বক প্রতিবেদন দাখিলের পরে নিষ্পত্তির বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

এমতাবস্থায়, এম.পি.ও কমিটির সিদ্ধান্ত মোতাবেক তদন্ত প্রতিবেদন দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

AC ৩১.১.২২  
(মো. আবদুল কাদের)  
সহকারী পরিচালক(কলেজ-৩)  
ফোন নং ৯৫৫৬০৫৭

পরিচালক  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা  
ঢাকা অঞ্চল, ঢাকা।

বিতরণ :

- (১) সভাপতি, গভর্নিং বডি, নওয়াব হাবিবুল্লাহ মডেল স্কুল এন্ড কলেজ, উত্তরা, ঢাকা;
- (২) অধ্যক্ষ, নওয়াব হাবিবুল্লাহ মডেল স্কুল এন্ড কলেজ, উত্তরা, ঢাকা;
- (৩) সংরক্ষণ নথি।